



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সামন্তসার ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘরঃ গোসাইরহাট, উপজেলাঃ গোসাইরহাট, জেলাঃ শরীয়তপুর।

চেয়ারম্যানঃ আঃ রব মিয়া

মোবাইলঃ ০১৭৪৮৯৯২৮৮০

জুলাই/২০২৩ খ্রিঃ আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ আঃ রব মিয়া, চেয়ারম্যান, সামন্তসার ইউ,পি

সভার তারিখঃ ২০/০৭/২০২৩

সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা হইতে ৫.০০ ঘটিকা

স্থানঃ ইউ,পি হলরুম

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট্য 'ক' দ্রষ্টব্য

সভাপতি সাহেব অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্ব সম্মতি ক্রমে তাহা অনুমোদন করা হইল। অতঃ পর সভায় নিম্নোক্ত বিষয় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	ইউপির সার্বিক অপরাধচিত্রঃ ইউপির দফাদার ও মহাল্লাদার গন এবং আনসার ডিডিপির দলনেতা জানান যে, বর্তমানে রাজনৈতিক কারণে দেশের বিভিন্ন জায়গায় বিভিন্ন ঘটনা ঘটেছে। দেশের বর্তমান পেক্ষাপটে অত্র ইউ,পির আইন শৃঙ্খলা কোন অবনতি হয় নাই।	অত্র ইউপির আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার লক্ষে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।	সকল ইউ,পি সদস্য, দফাদার, মহাল্লাদার এবং আনসার ডি,ডিপি দলনেতা।
০২	মাদক নিয়ন্ত্রনঃ সভার উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, দেশের বিভিন্ন জায়গায় ফেনসিডিল, গাঁজা ও নেশাজাতীয় দ্রব্য সেবন করে যুব সমাজ ক্ষতিগ্রস্থ হওয়ায় আইন মংখলার অবনতি ঘটেছে। অত্র ইউ,পিতে এ ধরনের কোন কার্যকলাপ দেখা যায় নি তথাপি এ বিষয়ে সজাগ থাকার বিষয়ে আলোচনা করা হয়।	১)প্রতিটি ওয়ার্ডে মাদক বিরোধী সমাবেশ ও প্রচারণা চালানোর জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। মাদক বিরোধী অভিযান জোরদার করার জন্য অত্র ইউ,পির গ্রাম পুলিশ দেরকে নির্দেশ দেওয়া হয়।	সকল ইউ,পি সদস্য, দফাদার, মহাল্লাদার এবং আনসার ডি,ডিপি দলনেতা।
০৩	ইভটিজিং প্রসঙ্গেঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সাহেব সভায় জানান যে, সকল ইউ,পি সদস্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন।	অত্র ইউ,পিতে এ ধরনের ঘটনা ঘটলে তা ইউ,পি চেয়ারম্যানকে ও থানায় অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	সকল ইউ,পি সদস্য, দফাদার, মহাল্লাদার এবং আনসার ডি,ডিপি দলনেতা।
০৪	জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদঃ জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি সহ এর কুফল সম্পর্কে জনসাধারণকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে এ বিষয়ে সচেতনতা মূলক কার্যক্রম গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।	সকল ইউ,পি সদস্য, দফাদার, মহাল্লাদার এবং আনসার ডি,ডিপি দলনেতা।
০৫	বাল্যবিবাহ প্রতিরোধঃ সভাপতি সাহেব জানান যে, বাল্যবিবাহ প্রতিরোধ কল্পে ইউ,পি সদস্য ও গ্রাম পুলিশ গনের দায়িত্ব রয়েছে বিধায় আইন শৃঙ্খলার সভায় ইউ,পি সদস্য ও গ্রাম পুলিশগন উপস্থিত থাকা একান্ত প্রয়োজন।	কোথায় কোন বাল্য বিবাহের ঘটনা ঘটলে সাথে সাথে থানায় সংবাদ দিতে হবে।	ইউ,পি সদস্য ও গ্রাম পুলিশ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত

আঃ রব মিয়া

চেয়ারম্যান

সামন্তসার ইউ,পি

গোসাইরহাট, শরীয়তপুর।

আঃ রব মিয়া
চেয়ারম্যান
সামন্তসার ইউনিয়ন পরিষদ
গোসাইরহাট, শরীয়তপুর।